

ার্টি কিয়ামতের ভয়াবহতা ও তারপর

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায়

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

জান্নাত ও তার অধিবাসীদের বিবরণ

যারা জান্নাতে যাবেন তারা হলেন, নবী, সিদ্দীক, শহীদ ও ঈমানদার সৎকর্মশীল মানুষ।

জান্নাত এমন একটি স্থান যার পাশ দিয়ে বয়ে যায় নদী। যার প্রাসাদসমূহ তৈরি হয়েছে স্বর্ণ ও রৌপ্যের ইট দিয়ে। এ প্রাসাদের অন্যান্য উপকরণসমূহের মধ্যে আছে মনি-মুক্তা, মৃগনাভী, হিরা-মানিক্য ইত্যাদি। সেখানে আছে নারী-পুরুষ সকলের জন্য পবিত্র সঙ্গী-সাথী। আছে সব ধরনের ফল-মুল। সেখানের অধিবাসীরা খাওয়া-দাওয়া আর আমোদ-ফুর্তিতে মত্ত থাকবে। থাকবে না কোনো ধরনের দু:চিন্তা ও ভয়-ভীতি। সেখানে থাকে হাসি ও আনন্দ। থাকবে না কোনো কান্না। মৃত্যু থাকবে না। থাকবে না মৃত্যুর দুঃচিন্তা। সবচেয়ে বড় নি'আমাত হলো আমাদের মহান স্রষ্টা আল্লাহ রাব্বুল আলামীনের সাক্ষাত লাভ ও তার সন্তুষ্টি।

মোটকথাঃ হলো, সেখানের সুখ শান্তি, আনন্দ-ফুর্তির কোনো দৃষ্টান্ত কোনো চোখ এখনো দেখে নি। কোনো কান কখনো শুনে নি। তার সত্যিকার ধরণ সম্পর্কে কোনো হৃদয় কখনো কল্পনা করে নি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13556

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন